দৈনিক সংবাদ

তারিখ 03 SEP 1987
পৃষ্ঠা 1 কলাম 6

৫৪৮

# শিগগিরই বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণা করা হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সভায় আগামী ২৪শে সেপ্টেম্বর অনার্স পরীক্ষা শুরুর ২/১ দিন আগে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো খুলে দেয়ার

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## বিশ্ববিদ্যালয় খোলার তারিখ

(১ম পাতার পর)

ব্যাপারে মতৈক্য হয়েছে।

উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান গতকাল বুধবার বলেছেন আগামী ৪ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার সুনির্দিষ্ট তারিখ ঘোষণা করা হবে। তিনি আভাস দিয়েছেন যে তারিখটি চলতি মাসের শেষ সপ্তাহের মধ্যেই হবে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে আজ অথবা আগামীকাল অনুষ্ঠেয় সিণ্ডিকেটের এক সভায় তারিখ চূড়ান্ত করা হবে।

গতকাল সকালে উপাচার্যের অফিসে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সভা চলাকালে একদল ছাত্র অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার দাবীতে সেখানে গিয়ে উপাচার্য ও উপ-উপাচার্যের অফিসের জানালা-দরজা ভাংচুর করে এবং প্রশাসনিক ভবনের বিভিন্ন কক্ষে ও গেটে তালা লাগিয়ে দেয়। পরে তাদের উদ্দেশে বক্তৃতাকালে উপাচার্য বলেন, যে সন্ত্রাসের কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিতে হয়েছে আবার সেই সন্ত্রাস সৃষ্টি করা হলে বিশ্ববিদ্যালয় খোলার প্রক্রিয়াই ব্যাহত হবে। এ সময় তিনি আগামী ৪ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণার আশ্বাস দেন।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে: ছাত্রদের ওই উচ্ছৃঙ্খল আচরণের পরিপ্রেক্ষিতে সভায় উপস্থিত বিভিন্ন অনুষদের ডীন, হলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ইনষ্টিটিউটের পরিচালক এবং প্রবীণ শিক্ষকরা তাদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী ব্যবস্থা নেয়ার জন্য উপাচার্যকে অনুরোধ করেন।

ওই ঘটনার ব্যাপারে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একজন নেতার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, এ ধরনের আচরণ সমর্থনযোগ্য নয়।

১৫টি সাংস্কৃতিক সংগঠন গতকাল বুধবার এক যুক্ত বিবৃতিতে সন্ত্রাসমুক্ত ক্যাম্পাসের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছে।

### ছাত্রলীগ (মু-না)

বাংলাদেশ ছাত্রলীগ (মু-না) গতকাল এক বিবৃতিতে অনুরূপ দাবী জানিয়েছে। বিবৃতিতে বিশ্ববিদ্যালয় খোলার আগেই সন্ত্রাসবিরোধী সকল ছাত্র সংগঠনের প্রতি সন্ত্রাসরোধে ঐক্যবদ্ধ পদক্ষেপ গ্রহণের আহ্বান এবং শিক্ষা পরিবেশ পরিষদ থেকে জাতীয়তাবাদী ছাত্রদলকে বহিষ্কারের দাবী জানানো হয়।